

## শ্রেয়া ঘোষাল এখন সিডনিতে

শ্রেয়া ঘোষাল সিডনি এসে পৌঁছেছেন গত বুধবার। সাথে ১০জন যন্ত্রশিল্পী। বৃহস্পতিবার প্যারামাটার বাবুর্চি রেস্টুরেন্টে বিভিন্ন সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়েছিলেন। গত শুক্রবার নিউজিল্যান্ডে অনুষ্ঠান করেছেন। শনিবার মেলবোর্ন, রোববার ব্রিসবেন। আগামী শনিবার (২ মার্চ ২০১৩) অনুষ্ঠান করবেন সিডনির হিল সেন্টার, ক্যাসেল হিলে। বেশ হাসিখুসী এবং ফ্রেস দেখাচ্ছিল। একজন সাংবাদিকতো প্রশ্নই করে



বসলেন এত ধকলের পরও ফ্রেস থাকেন কি করে? জবাবে শুধু একটা মিষ্টি হাসি। শ্রেয়া ঘোষাল ২৭ শেষ করে ২৮ বছরে পড়েছেন। এত অল্প বয়সেই ভারতের প্রথম সারির শিল্পী। যা'র সুরের মাদকতায় কোটি কোটি সঙ্গীত-প্রেমী আতুহারা। যারা গান ভালবাসেন তাদের প্রিয়, যারা গান বোঝেন তাদেরও প্রিয়। রাগাশ্রয়ী কঠিন গানগুলো তাঁর কণ্ঠে খেলে সাবলীল ভাবে।

উদ্যোক্তাদের প্রশ্ন করেছিলাম টিকিট কেমন বিক্রি হচ্ছে? বললেন, হলের ক্যাপাসিটি ১৮০০, তারমধ্যে প্রায় ১৫৫০ টিকিট বিক্রি হয়ে গেছে। আশাকরা যাচ্ছে সব-টিকিটই বিক্রি হয়ে যাবে। আপনারা যারা শ্রেয়ার অনুষ্ঠানে যাচ্ছেন নিশ্চয়ই গানে গানে মন ভরে যাবে। (বাংলা - সিডনির প্রতিবেদন)